

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
ঢাকা

স্মারক নং-০০.০১.০০০০.৫০২.০১.০২৩.১৯-

তারিখ:

সূত্র: দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার স্মারক নং-০০.০১.০০০০.১০৩.৩৫.০৬৩.০৭ (অংশ-৭)/৩১০৬৭(১২০)তাং ০৫.৮.১৯ খ্রি.

আদেশ

সূত্রে বর্ণিত স্মারকে আদিষ্ট হইয়া জানানো যাইতেছে যে,

যেহেতু প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অনুসন্ধান করিয়া দুর্নীতি দমন কমিশনের ছিন্ন বিশ্বাস জন্মাইয়াছে যে, আপনি মোসাঃ মাহমুদা হোসেন, স্বামী জনাব মোঃ দেলোয়ার হোসেন (মহাব্যবস্থাপক, কোম্পানি অ্যাফেয়ার্স, বিসিআইসি, ঢাকা), বর্তমান ঠিকানা: ৮৬/৩, ফ্ল্যাট নং-৪/এ, পশ্চিম ধানমন্ডি, ঢাকা; স্থায়ী ঠিকানা: গ্রাম-রাজাপুর, পোস্ট-করিকান্দি, থানা-তিতাস, জেলা-কুমিল্লা আপনার জ্ঞাত আয়ের বহির্ভূত স্বনামে/বেনামে বিপুল পরিমাণ সম্পদ/সম্পত্তির মালিক হইয়াছেন।

সেহেতু, দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫ নং আইন) এর ধারা ২৬ এর উপ-ধারা (১) দ্বারা অর্পিত ক্ষমতাবলে আপনি মোসাঃ মাহমুদা হোসেন-কে আপনার নিজে, আপনার উপর নির্ভরশীল ব্যক্তিবর্গের স্বনামে/বেনামে অর্জিত যাবতীয় স্থাবর/অস্থাবর সম্পত্তি, দায়-দেনা, আয়ের উৎস ও উহা অর্জনের বিস্তারিত বিবরণী অত্র আদেশ প্রাপ্তির ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে এতদসঙ্গে প্রেরিত ছকে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করিতে নির্দেশ দেওয়া যাইতেছে। নির্ধারিত সময়ের মধ্যে সম্পদ বিবরণী দাখিল করিতে ব্যর্থ হইলে অথবা মিথ্যা বিবরণী দাখিল করিলে উপরি-উক্ত আইনের ধারা ২৬ এর উপ-ধারা (২) মোতাবেক আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

সংযুক্তঃ বর্ণনামতে সম্পদ বিবরণী ফরম-১ ফর্দ (ফরম নং-০০০৩৭৭৩)  
(প্রয়োজনবোধে নির্ধারিত ফরমের সাথে অতিরিক্ত কাগজ সংযোজন করিয়া  
তথ্যাদি সরবরাহ করা যাইবে)।

মোসাঃ মাহমুদা হোসেন  
স্বামী জনাব মোঃ দেলোয়ার হোসেন  
(মহাব্যবস্থাপক, কোম্পানি অ্যাফেয়ার্স, বিসিআইসি, ঢাকা)  
বর্তমান ঠিকানা: ৮৬/৩, ফ্ল্যাট নং-৪/এ  
পশ্চিম ধানমন্ডি, ঢাকা  
স্থায়ী ঠিকানা: গ্রাম-রাজাপুর, পোস্ট-করিকান্দি  
থানা-তিতাস, জেলা-কুমিল্লা।

স্বাক্ষরিত/-  
সৈয়দ ইকবাল হোসেন  
পরিচালক (বি: অনু: ও তদন্ত-২)  
ফোন: ০২-৪৮৩২২২৭৯  
e-mail: d.sp.investigation2@acc.org.bd


স্মারক নং-০০.০১.০০০০.৫০২.০১.০২৩.১৯-

৩০ ২২৩/২(৫)

তারিখ: ২১/৮/২০২০

অনুলিপি:

১. পরিচালক (পর্যবেক্ষণ ও বিশারদ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২. চেয়ারম্যান এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৩. কমিশনার (অনুসন্ধান/তদন্ত) এর একান্ত সচিব (কমিশনার মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৪. পরিচালক (জনসংযোগ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. উপপরিচালক, দৈনিক ও সাম্প্রতিক অভিযোগ সেল, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (স্মারক নং-০০.০১.০০০০.৫০৩.২৬.০২৩.১৯-৭১২৭ তারিখ: ২৫.০২.২০১৯ খ্রি. এর সংশ্লেষে)।
৭. জনাব মোঃ মোনায়েম হোসেন, উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিয়ন্ত্রণ কক্ষ, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. অফিস নথি।

  
২০.০২.২০২০  
মির্জা জাহিদুল আলম  
উপপরিচালক(বি: অনু: ও তদন্ত-২)  
ফোন: ০২-৪৮৩১৭৩৯৬  
e-mail: dd.sp.investigation2@acc.org.bd